

ক্যান্টনমেন্ট প্রশাসন


বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস

পার্বতীপুর, দিনাজপুর।

২০২১-২২ অর্থ বছরের ইজারা প্রদানযোগ্য বাজার/স্থাপনাসমূহ ইজারার

দরপত্রের শর্তাবলীঃ

- ১। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ 'ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস' এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। ক্রয়কৃত সিডিউলের রশিদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ২। দরপত্র অনুমোদিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৭০% অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায়, দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত ৩০% অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ৩। অনুমোদিত দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর অতিরিক্ত ৫% অর্থ আয়কর হিসাবে ১/১১৪১/০০৬৫/০১১১ আয়কর খাতে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি দর অনুমোদনের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে অত্র দপ্তরে জমা প্রদান করতে হবে।
- ৪। অনুমোদিত দরদাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর হিসাবে "১/১১৩৩/০০৪৫/০৩১১" খাতে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি দর অনুমোদনের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে অত্র দপ্তরে জমা প্রদান করতে হবে।
- ৫। গৃহীত দরের সম্পূর্ণ অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধের পর দরদাতার সহিত চুক্তিপত্র সম্পাদনের পর বাজার/স্থাপনার দখল বুঝে দেওয়া হবে।
- ৬। ইজারার নীতিমালার আলোকে ইজারা চুক্তি ইজারাদার কর্তৃক সম্পাদিত হবে।
- ৭। ইজারাদারকে বাজার/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল রেট মোতাবেক টোল/মাশুল আদায় করতে হবে।
- ৯। কোন জটিলতার কারণে বাজার/স্থাপনাটির কারণে দখল দিতে বিলম্ব হলে বিলম্বকালীন সময়ের জন্য হারাহারি সূত্রে ইজারাদার টাকা ফেরৎ পাবেন।
- ১০। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত বাজার/স্থাপনাটি অন্যের নিকট সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যক্রম ধরা পড়ে তবে ইজারা চুক্তি ভংগের কারণে ইজারা বাতিল করা হবে এবং ইজারাদার আইনতঃ দণ্ডনীয় হবেন।
- ১১। দরপত্র সিডিউলে কোন প্রকার কাটাকাটি, ঘষা মাজা বা অস্পষ্ট হলে উহা বাতিল বলে গণ্য হবে। দরপত্র ফরমে কোন ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- ১২। অনুমোদিত টোল রেইট বাজার/স্থাপনাটির প্রকাশ্য স্থানে লটকাইতে হবে।
- ১৩। সিডিউলের প্রত্যেক পাতায় স্বাক্ষর করতে হবে।
- ১৪। অসম্পূর্ণ ও ত্রুটি পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৬। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ ও একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭। প্রয়োজনে বাজার/স্থাপনাটির ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন-১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৮। এতদসংক্রান্ত সরকারী যে কোন আদেশ-নির্দেশ ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।
- ১৯। যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ২০। দরপত্র সংক্রান্ত বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


৩১/০৫/২০

মোছঃ আলিয়া ফেরদৌস জাহান

সেনানিবাস সচিব

ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার

রংপুর সেনানিবাস।

১৬/০৫/২০
ফোন : ০৫২১-৬২৩০৪